



**BENGALI A1 – STANDARD LEVEL – PAPER 1**  
**BENGALI A1 – NIVEAU MOYEN – ÉPREUVE 1**  
**BENGALÍ A1 – NIVEL MEDIO – PRUEBA 1**

Monday 10 May 2004 (afternoon)  
Lundi 10 mai 2004 (après-midi)  
Lunes 10 de mayo de 2004 (tarde)

1 hour 30 minutes / 1 heure 30 minutes / 1 hora 30 minutos

---

INSTRUCTIONS TO CANDIDATES

- Do not open this examination paper until instructed to do so.
- Write a commentary on one passage only. It is not compulsory for you to respond directly to the guiding questions provided. However, you may use them if you wish.

INSTRUCTIONS DESTINÉES AUX CANDIDATS

- N'ouvrez pas cette épreuve avant d'y être autorisé(e).
- Rédigez un commentaire sur un seul des passages. Le commentaire ne doit pas nécessairement répondre aux questions d'orientation fournies. Vous pouvez toutefois les utiliser si vous le désirez.

INSTRUCCIONES PARA LOS ALUMNOS

- No abra esta prueba hasta que se lo autoricen.
- Escriba un comentario sobre un solo fragmento. No es obligatorio responder directamente a las preguntas que se ofrecen a modo de guía. Sin embargo, puede usarlas si lo desea.

নিচে দেওয়া দুটি রচনার মধ্যে শুধু একটাই বেছে নিয়ে তার সম্বন্ধে আলোচনা করুন।

১। (ক)

প্রায় বেথা যায় আমাদের দেশের পুরুষেরা এখানকার পুরুষ-সমাজে বড়ো মেশেন না। কারণ এখানকার পুরুষ-সমাজে মিশতে গেলে একরকম বলিষ্ঠ স্মৃতির ভাব থাকে চাই, বাধা-বাধা মিঠে সুরে হু-চারটে গসংকোচ 'হাঁ না' দিয়ে গেলে চলে না। বাঙালি অভ্যাগত ডিনার টেবিলে তাঁর পার্শ্ব মহিলাটির কানে কানে মিষ্টি মিষ্টি টুকরো টুকরো ছই-একটি কথা মুহূর্তে ধীর স্বরে কইতে পারেন, আর সে মহিলার সহবাসে তিনি যে স্বর্গ-সুখ উপভোগ করছেন, তা তাঁর মাথার চুল থেকে বৃট জুতোর আগা পর্যন্ত প্রকাশ হতে থাকে, স্ততরায় মেয়ে-সমাজে বাঙালির পসার করে নিতে পারেন। আমাদের দেশের ষোমটাচ্ছন্ন-মুখচন্দ্র-শোভী অনালোকিত অন্তঃপুর থেকে এখানকার রূপের মুক্ত জ্যোৎস্নার এসে আমাদের মন-চকোর প্রাণ খুলে গান গেয়ে ওঠে।

একদিন আমাদের নবাগত বঙ্গবৃক তাঁর প্রথম ডিনারের নিমন্ত্রণে গিয়েছেন। নিমন্ত্রণসভার বিদেশীর অত্যন্ত সমাদর। তিনি গৃহস্বামীর সুবর্তী কণ্ঠা মিল অ্যুকের বাহু গ্রহণ করে আহারের টেবিলে গিয়ে বসলেন। আমাদের দেশের স্ত্রীলোকদের সঙ্গে মুক্তভাবে মিশতে পাই নে, তার পরে নতুন নতুন এসে এখানকার স্ত্রীলোকদের ভাবও ঠিক বুঝতে পারি নে। কোনো সামাজিকতার অহরোধে তারা আমাদের মনোরঞ্জন করবার ক্ষমতা যে-সকল কথাবার্তা হাস্যালাপ করে, আমরা তার ঠিক মর্মে গ্রহণ করতে পারি নে, আমরা হঠাৎ মনে করি, আমাদের উপরেই এই মহিলাটির বিশেষ অক্ষুণ্ণ দৃষ্টি। আমাদের বঙ্গ বৃকটি মিসকে ভারতবর্ষ সংক্রান্ত অনেক কথা জানালেন। বললেন তাঁর বিলেত অত্যন্ত ভালো লাগে, ভারতবর্ষে ফিরে যেতে ইচ্ছে করে না, ভারতবর্ষে অনেক প্রকার কুসংস্কার আছে। শেবকালে ছই-একটি সাধানো কথাও বললেন। যথা, তিনি সুন্দরবনে বাঘ শিকার করতে গিয়ে একবার মরতে মরতে বেঁচে গিয়েছিলেন। মিসটি অতি সহজে বুঝতে পারলেন যে, এই বৃকের তাঁকে অত্যন্ত ভালো লাগেছে। তিনি যথেষ্ট সন্তুষ্ট হলেন ও তাঁর মিষ্টম বাক্যবাণ বৃকের প্রাণে হানতে লাগলেন।

[...]

২৫ হয়তো বুঝতে পারছ, কী কী মসলার সংযোগে বাঙালি বলে একটা পদার্থ ক্রমে ইঙ্গবঙ্গ নামে একটা খিচুড়িতে পরিণত হয়।

সূত্র: রবীন্দ্রনাথ ঠাকুর: যুরোপ-প্রবাসীর পত্র (রচনাকাল: ১৮৮১)। রবীন্দ্র রচনাবলী, প্রথম খণ্ড, কলিকাতা, বিশ্বভারতী, ১৯৯৩, পৃষ্ঠা ৫২৩-৮৪; ৫৫৫-৬।

প্রশ্ন:-

বর্ণিত দৃশ্যটির উপর ভিত্তি করে লেখকের বাঙালী পুরুষ আর ইংরেজ নারীর সম্পর্কের উপস্থাপনা আলোচনা করুন।

লেখকের ভাষা-প্রয়োগ নিয়ে বক্তব্য রাখুন।

এই পুরো অংশের পরিপ্রেক্ষিতে শেষ ধারাটির তাৎপর্য কী?

লেখকের স্বরভঙ্গি উদ্দেশ্য স্পষ্ট করতে কী ভাবে সাহায্য করে?

১। (খ)

আপনি কি ক-বাবু ?

- আপনি কি ক-বাবু ?  
আমি নয় আমার মতন কেউ হবে  
আপনি কি খ-বাবু ?  
আমি নয় আমার মতন কেউ হবে  
৫ আপনি কি হাওড়ায় থাকেন ?  
থাকতাম অনেকদিন আগে  
আপনি কি ব্যবসা করেন ?  
করতাম অনেকদিন আগে  
আপনি কি কবিতা লেখেন ?  
১০ লিখতাম অনেকদিন আগে  
আপনি কি ভালোবাসেন ?  
বাসতাম অনেকদিন আগে  
আপনি কি ঘৃণা করেন ?  
করতাম অনেকদিন আগে  
১৫ আপনার কি খুব চুল ছিল ?  
ছিল অনেকদিন আগে  
আপনার কি ভালো দাঁত ছিল ?  
ছিল অনেকদিন আগে  
আপনি কি বরাবরই চশমা পরেন ?  
২০ পরতাম না অনেকদিন আগে  
আপনি কি বরাবরই মদ খান ?  
খেতাম না অনেকদিন আগে  
আপনি কি হত্যা করেছেন ?  
করেছি অনেকদিন আগে  
২৫ আপনি কি আত্মহত্যা করেছেন  
করি প্রতিদিন

সূত্র: অশোক চট্টোপাধ্যায় (জন্ম ১৯৩৮): আপনি কি ক-বাবু? দেবীপ্রসাদ বন্দ্যোপাধ্যায় ও দীপক রায়  
(সম্পাদক): বাংলা আধুনিক কবিতা, ২য় খণ্ড, কলকাতা, সাহিত্যম্, পৃষ্ঠা ১৪৩।

প্রশ্ন: -

আলোচনা করুন যে আপনার মতে এই কবিতাটির বিষয়বস্তু কী?

কবিতাটির গঠনশিল্পের অনুশীলন সম্বন্ধে বক্তব্য রাখুন।

প্রথম দুটি অস্বীকারসূচক উত্তরগুলির কী ব্যাখ্যা দিতে পারেন?

উত্তরকারী ব্যক্তির চারিত্রিক বৈশিষ্ট্যের একটা খসড়া দেওয়ার চেষ্টা করুন।